যুগান্তর

তারিখ 13 DEC 2012
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

ইবিতে শিক্ষকদের মধ্যে হাতাহাতি। বুধবারের ছবি

ইবিতে ট্রেজারার নিয়োগ নিয়ে শিক্ষকদের হাতাহাতি

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

অবাঞ্ছিত ট্রেজারার ক্যাম্পাসে আসার ঘটনায় বুধবার কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের মধ্যে ব্যাপক হাতাহাতির ঘটনা ঘটেছে। এতে ২ শিক্ষক আহতসহ ১০ শিক্ষক লাঞ্ছিত হয়েছেন বলে জানা গেছে। এদিকে প্রগতিশীল শিক্ষক সংগঠন শাপলা ফোরামের এক শিক্ষক অশালীন ভাষা ও অঙ্গভঙ্গির মাধ্যমে বঙ্গবন্ধু পরিষদের শিক্ষকদের দেখে নেয়ার হুমকি দিয়েছেন বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারারকে অবাঞ্ছিত ঘোষণা করে তাদের পদত্যাগের দাবিতে দীর্ঘ দিন ধরে শিক্ষক সমিতি আন্দোলন অব্যাহত রেখেছে। বুধবার ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ শাহজাহান আলী ক্যাম্পাসে আসার খবর পেয়ে বঙ্গবন্ধু পরিষদ ও শিক্ষক সমিতির শিক্ষকরা ট্রেজারারকে ভারপ্রাপ্ত ভিসি ও ট্রেজারারের দায়িত্ব পালন থেকে বিরত থাকতে বলেন। এ সময় প্রগতিশীল শিক্ষকদের সংগঠন শাপলা ফোরামের শিক্ষক ও কয়েকজন কর্মকর্তা এসে শিক্ষকদের সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়েন। বাকবিতণ্ডার একপর্যায়ে তাদের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। এতে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু পরিষদের সহ-সভাপতি ও ইনফরমেশন বিভাগের শিক্ষক প্রফেসর ড. মাহবুবুর রহমান ও বায়োটেকনোলজি বিভাগের মফিজুল ইসলাম আহত হয়েছেন। এছাড়া ১০ জন শিক্ষক লাঞ্ছিত হয়েছেন বলে জানা গেছে। এদিকে শাপলা ফোরামের শিক্ষক প্রফেসর ড. ত.ম লোকমান হাকিম অশ্লীল ভাষা ও অঙ্গভঙ্গির মাধ্যমে বঙ্গবন্ধু পরিষদকে দেখে নেয়ার হুমকি দেয় বলে অভিযোগ করেছে বঙ্গবন্ধু পরিষদের শিক্ষকরা।